



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)
৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১
০২ সেপ্টেম্বর ২০২৪

প্রশাসনিক পরিপত্র নং- ৪৮/২০২৪

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কর্পোরেশনের কোনো কোনো কর্মচারী অফিস কর্তৃক সরবরাহকৃত ব্যক্তি পরিচিতি নম্বর সম্বলিত আইডি কার্ড ব্যবহার করছেন না এবং কতিপয় কর্মচারী কর্পোরেশন কর্তৃক সরবরাহকৃত পোশাক পরিচ্ছদ নিয়মিতভাবে পরিধান না করে অফিসে উপস্থিত হচ্ছেন। এছাড়া, কোনো কোনো কর্মচারী কর্মস্থলে অবস্থান না করে ফটোকপি রুম, মসজিদ ও ডক্টরস্ চেম্বারে শূয়ে, বসে সময় কাটাচ্ছেন এবং মুভমেন্ট রেজিস্টারে এন্ট্রি না করে অফিস ত্যাগ করছেন যা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর আচরণ ও শৃঙ্খলা বিধির পরিপন্থি।

০২। এমতাবস্থায়, কর্পোরেশনের সংশ্লিষ্ট সকল কর্মচারীকে নিম্নোক্ত বিষয়সমূহ যথাযথভাবে পরিপালনের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো:

- কর্পোরেশন কর্তৃক সরবরাহকৃত আইডি কার্ড ব্যবহার;
- কর্পোরেশন কর্তৃক সরবরাহকৃত পোশাক পরিচ্ছদ নিয়মিতভাবে পরিধান;
- দাপ্তরিক কাজ ব্যতীত ফটোকপি রুমে অবস্থান না করা;
- মসজিদ ও ডক্টরস্ চেম্বারে শূয়ে, বসে সময় না কাটানো;
- অফিস সময়ে কর্মস্থল ত্যাগের প্রয়োজন হলে যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণপূর্বক মুভমেন্ট রেজিস্টারে কারণ ও সময় উল্লেখপূর্বক এন্ট্রি করে কর্মস্থল ত্যাগ করা এবং পুনরায় কর্মস্থলে ফেরত আসলে সময় উল্লেখ করে এন্ট্রি করা।

০৩। কর্পোরেশনের সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/সেল/সচিবালয়/শাখা প্রধানকে উপরিউক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(মোঃ গোলাম রব্বানী)
উপ-মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।